# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

# কম্পিউটার কেন্দ্রের নিয়োগ বিজ্ঞপ্তি

**স্মারক নং ঃ** মাউশিবোদি/প্রশাঃ/নিয়োগ/২০০৭/৪০১০(৩) **তারিখ ঃ** ০২/০৭/২০১৭ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের কম্পিউটার কেন্দ্র স্থাপনের জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত বেতন স্কেলে জনবল নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণকে আগামী ১৮/০৭/২০১৭ তারিখের মধ্যে নিম্নবর্ণিত তথ্য সম্বলিত আবেদনপত্র নিম্নোক্ত ঠিকানায় সরাসরি হাতে হাতে/ডাকযোগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল-২০১৫ | পদ সংখ্যা | বয়স | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | সিস্টেম এনালিষ্ট (৪৩০০০-৬৯৮৫০/-) | ০১ জন | বয়সসীমা ২৯ থেকে ৪০ বছর | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান বিভাগে স্নাতকোত্তর ডিগ্রি বা পদার্থ/গণিত/অর্থনীতি/বাণিজ্য/পরিসংখ্যান/সমাজবিজ্ঞান/ব্যবসায় প্রশাসনে বা অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ইঞ্জিনিয়ারিং-এ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>(খ) কোন পেশাগত কম্পিউটার সোসাইটির এসোসিয়েট সদস্য হতে হবে।<br>(গ) প্রোগ্রামার অথবা সহকারী সিস্টেম এনালিস্ট পদে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা (কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স ডিগ্রি হলে ০২ বছরের অভিজ্ঞতা) থাকতে হবে। |
| ০২. | প্রোগ্রামার (৩৫৫০০-৬৭০১০/-) | ০১ জন | বয়সসীমা ২৭ থেকে ৩৫ বছর | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/গণিত/অর্থনীতি/বাণিজ্য/পরিসংখ্যান/সমাজবিজ্ঞান/ব্যবসায় প্রশাসনে বা অন্য কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কম্পিউটার বিজ্ঞানে/ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ডিগ্রি থাকতে হবে।<br>(খ) কোন পেশাগত কম্পিউটার সোসাইটির এসোসিয়েট সদস্য হতে হবে।<br>(গ) সহকারী প্রোগ্রামার হিসেবে ০৪(চার) বছরের অভিজ্ঞতা (কম্পিউটার সাইন্স/ইঞ্জিনিয়ারিং-এ মাস্টার্স ডিগ্রির ক্ষেত্রে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা) থাকতে হবে। |
| ০৩. | সহকারী প্রোগ্রামার (২২০০০-৫৩০৬০/-) | ০২ জন | বয়সসীমা ২১ থেকে ৩০ বছর | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং অথবা কম্পিউটার টেকনোলজির উপর বিএসসি ডিগ্রি থাকতে হবে।<br>(খ) প্রোগ্রামিং-এর স্টান্ডার্ড test-এ উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৪. | সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (২২০০০-৫৩০৬০/-) | ০১ জন | বয়সসীমা ২২ থেকে ৩০ বছর | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার/ইলেক্ট্রনিক্স/ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে।<br>খ) অবশ্যই Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে। |
| ০৫. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (৯৩০০-২২৪৯০/-) | ০৩ জন | বয়সসীমা ২১ থেকে ৩০ বছর | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে ডিগ্রি/স্নাতক ডিগ্রি থাকতে হবে অথবা কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ০৪ (চার) বছর মেয়াদী কম্পিউটার টেকনলজিতে উত্তীর্ণ হতে হবে।<br>(খ) ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) কম্পিউটার পরিচালনায় বাস্তব জ্ঞান থাকতে হবে। |
| ০৬. | অফিস সহায়ক ১৪৪৫০/- (সর্বসাকুল্য) | ০২ জন | (আউটসোর্সিং নীতিমালায় পুরণযোগ্য) | ক) আউট সোসিং নীতিমালা ২০০৮ অনুযায়ী পদ পুরণযোগ্য। |

**শর্তাবলি ঃ**

০১. পদের নাম, প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজিতে), মাতার নাম, পিতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা, জন্ম তারিখ, বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সসীমা, নিজ জেলা, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ভাষা জ্ঞান, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ নং ও তারিখ, ব্যাংকের নাম ও শাখা, প্রার্থীর সম্পর্কে জানেন এমন দু'জন ব্যক্তির নাম ও ঠিকানা, ফোন নম্বর উল্লেখসহ আবেদন করতে হবে। এছাড়া শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dinajpureducationboard.gov.bd থেকেও নমুনা আবেদন ফরম ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

০২. আগ্রহী প্রার্থীদেরকে আবেদনে প্রয়োজনীয় তথ্যাবলি উল্লেখপূর্বক **"চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর"** বরাবরে আবেদন করতে হবে।

০৩. প্রার্থীগণকে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদনপত্র আগামী ১৮/০৭/২০১৭ তারিখের মধ্যে **"মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, উপজেলা- সদর, জেলা- দিনাজপুর"** বরাবরে সরাসরি হাতে হাতে জমা/ডাকযোগে প্রেরণ করতে হবে।

(ক) শিক্ষাগত যোগ্যতা মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।
(খ) চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণির সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
(গ) নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত)
(ঘ) অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতা/পিতা-মাতার পিতামাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে **"প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র কন্যা"** এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(ছ) এতিমখানার নিবাসী, শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেটের সত্যায়িত কপি।

(জ) ক্রমিক নং- ০১ থেকে ০৫ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা এবং ০৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ **"সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর"** এর অনুকূলে জমা দিয়ে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্-এর মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

(ঝ) সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়ি ছবি।

(ঞ) প্রার্থীর নাম, ঠিকানা উল্লেখপূর্বক ৫.০০ (পাঁচ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট পৃথক একটি খাম।

০৪. খামের উপরের ডান পার্শ্বে আবেদনকৃত পদের নাম, নিজ জেলার নাম, বিশেষ কোটার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখপূর্বক আবেদনপত্র জমা দিতে হবে।

০৫. সরকারি/আধাসরকারি সংস্থায় চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৬. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে।

০৭. আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি এবং অন্যান্য সনদপত্র সত্যায়িত করার ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার (১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা) স্বাক্ষরের নিচে নামসহ সীল থাকতে হবে।

০৮. কোন বিশ্ববিদ্যালয়/শিক্ষা বোর্ডের পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ কাজে অভিজ্ঞতাসম্পন্ন বা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।

০৯. অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১০. ০১, ০২, ০৩, ০৪ ও ০৫ নং ক্রমিকের প্রার্থীদের ক্ষেত্রে লিখিত ও মৌখিক পরীক্ষা ও সংশ্লিষ্ট কাজে বাস্তবভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. দিন হাজিরা ভিত্তিক/বিভাগীয় কর্মচারীদের সংশ্লিষ্ট পদের জন্য শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১২. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১৩. যাচাই-বাছাই অন্তে যোগ্য প্রার্থী/প্রার্থীদের তালিকা, লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশ করা হবে।

১৪. আবেদনে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্-এর নম্বর ও তারিখ উল্লেখ থাকতে হবে।

১৫. নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৬. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭. শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০২.০৫.১৭
সচিব (অ:দা:)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা, চার কপি

## কম্পিউটার কেন্দ্রের বিভিন্ন পদের জন্য নমুনা আবেদন ফরম

**বরাবর,**

**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

**পদের নাম ঃ**

---

০১. প্রার্থির নাম (স্পষ্ট অক্ষরে) বাংলা : ..............................................................................................

ইংরেজি : ..............................................................................................

০২. মাতার নাম : ..............................................................................................

০৩. পিতার নাম : ..............................................................................................

০৪. স্থায়ী ঠিকানা : ..............................................................................................

..............................................................................................

০৫. বর্তমান ঠিকানা : ..............................................................................................

..............................................................................................

০৬. মোবাইল নম্বর : ..............................................................................................

০৭. ই-মেইল ঠিকানা : ..............................................................................................

০৮. জন্ম তারিখ : ..............................................................................................

০৯. বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে বয়সসীমা : ..............................................................................................

১০. নিজ জেলা : ..............................................................................................

১১. জাতীয়তা : ..............................................................................................

১২. ধর্ম : ..............................................................................................

১৩. বৈবাহিক অবস্থা : ..............................................................................................

১৪. শিক্ষাগত যোগ্যতা :

| সার্টিফিকেট/ডিগ্রির নাম | বোর্ড/বিশ্ববিদ্যালয়/ইন্‌স্টিটিউট | পাশের বছর | বিভাগ/শ্রেণী/গ্রেড |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১৫. অভিজ্ঞতা :

| পদের নাম | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | পাশের বছর | | বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেলে) |
|---|---|---|---|---|
| | | হতে | পর্যন্ত | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| **মোট অভিজ্ঞতা কাল:** | | | | |

১৬. দক্ষতাসহ জানা ভাষার নাম : ..........................................................................................

..........................................................................................

১৭. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট্ নং.................................................. ব্যাংকের নাম ও তারিখ:......................................

১৮. আপনার সম্পর্কে জানেন অথচ আত্মীয়তার সূত্রে সম্পর্কিত নন এমন দু'জন ব্যক্তির নাম ও ঠিকানা এবং ফোন নম্বর :

(ক)

(খ)

১৯. প্রয়োজনে বিস্তারিত তথ্যের জন্য আলাদা কাগজ ব্যবহার করা যেতে পারে :

..................................
আবেদনকারীর স্বাক্ষর

তারিখ :..........................................

**বি:দ্র:** (ক) পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তি এবং আবেদনের শর্তাবলি অনুসরণে প্রার্থীকে আবেদন করতে হবে;
(খ) আবেদন অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে হাতে হাতে/ডাকযোগে জমা দিতে হবে।
(গ) কর্মরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
(ঘ) আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে পরবর্তীতে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ফোন : ০৫৩১-৫১৮৮৪; ফ্যাক্স : ০৫৩১-৬৩০০৩